দৈনিক বাংলা

তারিখ 31 JUL 1992
পৃষ্ঠা 7 কলাম 6

12

116

# ক্যাম্পাসে উত্তেজনাঃ ছাত্রলীগের (ম-ই) মিছিলে হামলা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৃহস্পতিবার ছাত্রলীগের (ম-ই) একটি মিছিলে প্রতিদ্বন্দ্বী মন্টু গ্রুপের সমর্থকরা হামলা চালালে ক্যাম্পাসে তীব্র উত্তেজনার সৃষ্টি হয়।

সকাল সাড়ে এগারটায় ছাত্রলীগ (ম-ই) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার একটি মিছিল কলাভবনের পেছনে লেকচার থিয়েটারের পাশ দিয়ে যাওয়ার সময় এই

(আটের পাতায় ৪-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে উত্তেজনা

(প্রথম পৃষ্ঠার পর)

হামলা চালানো হয়। ৮/১০ জন সশস্ত্র যুবক পেছন দিক থেকে দৌড়ে এরা মিছিলের মধ্যে ঢুকে পড়ে এবং কয়েকজনকে কিল–ঘুষি ও অস্ত্র দিয়ে আঘাত করে। এ সময় মিছিলটি ছত্রভঙ্গ হয়ে যায় এবং আতংকিত ছাত্রলীগ কর্মীরা দৌড়ে বিভিন্ন দিকে পালিয়ে যায়। ছাত্রলীগ (ম–ই)। সমর্থকরা কিছুক্ষণ পর সংগঠিত হয়ে আবার মিছিল বের করলে ক্যাম্পাসে উত্তেজনার সৃষ্টি হয়। মিছিল শেষে অপরাজেয় বাংলার সামনে ছাত্রলীগের (ম–ই) সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক পংকজ নাথ বক্তৃতা করেন।

ছাত্রলীগের (ম–ই) সমাবেশ চলাকালে মন্টু সমর্থকদের একটি মিছিল এসে অপরাজেয় বাংলার অপর পাশে সমাবেশ শুরু করে। এতে বক্তৃতা করেন ওয়াহিদুজ্জামান লনি ও আবু তাহের।

### সমাবেশ

ছাত্রলীগ (ম–ই) ঢাকা মহানগর (উত্তর) শাখার সভাপতি মনজুরুল ইসলাম অশ্রুর মুক্তি দাবীতে বৃহস্পতিবার জাতীয় প্রেস ক্লাবের সামনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়।

গাজী মেজবাউল হোসেন সাচ্চুর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে বক্তৃতা করেন ছাত্রলীগ (ম–ই) কেন্দ্রীয় কমিটির সভাপতি মইনুদ্দিন হাসান চৌধুরী, সাধারণ সম্পাদক ইকবালুর রহিম, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি কে এইচ লিজু এবং সাধারণ সম্পাদক পংকজ নাথ।

বক্তৃতা অবিলম্বে ছাত্রনেতা অশ্রুর নিশর্ত মুক্তি এবং "মিথ্যা মামলা" প্রত্যাহারের দাবী জানান। খবর প্রেস বিজ্ঞপ্তি।